



বাংলাদেশ পরী উল্লয়ন বোর্ড
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০৬.৯৯.৫০০.৯৮. ৩৫৯১৩


তারিখঃ ২৪ জুন, ২০১৮ খ্রিঃ।

বিষয় : ইউসিসিএ'তে সংরক্ষিত বিভিন্ন তহবিল হতে কর্মচারীদের বেতন-ভাতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা এর স্মারক নং ৪৭.৬২.০০০০.৫০৬.০০.৫১৯.০৫.১৬৮৪, তাং ০৭/০৩/২০১৭ খ্রি, পত্রের ০৯ নং ক্রমিকে উদ্ধৃত করা হয়েছে যে "সদস্যদের শেয়ার সঞ্চয়ের অর্থে পড়া স্থায়ী আমানত বা এফডিআরসমূহ ভাঙানো বা সুদ ট্রান্সফার করে বেতন-ভাতা খাতে বায় করা একটি অনিয়ম"। ফলে যে সমস্ত ইউসিসিএগুলোর আয়ের বিকল্প উৎস নেই সে সমস্ত ইউসিসিএ এর কর্মচারীরা বেতন-ভাতা পাচ্ছেনা। বিষয়টি সদর দপ্তর কর্তৃক পর্যালোচনাক্রমে ইউসিসিএ এর ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে দায়মুক্ত তহবিল থেকে কর্মচারীদের বেতন-ভাতা নিম্নোক্ত শর্তাধীনে প্রদানের সিদ্ধান্ত প্রদান করা হলোঃ

শর্তাবলীঃ

- ১) সদস্যদের শেয়ার-সঞ্চয় ব্যতীত ইউসিসিএ'র অন্যান্য স্থায়ী আমানত (এফডিআর) হতে প্রাপ্ত সুদের অর্থ ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে কর্মচারীদের বেতন-ভাতা খাতে বায় করা যাবে।
- ২) বর্ণিত বিষয়ে ইউসিসিএ'র বার্ষিক বাজেট অনুমোদন করতে হবে, তবে কোনক্রমেই মূলধন অবক্ষয় করা যাবে না।


মোঃ মাহবুবুল হোসাইন খান
(যুগ্মসচিব)
পরিচালক (সরেজমিন)

উপপরিচালক
বিআরডিবি, জেলা দপ্তর (সকল)।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ২) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩) উপজেলা পরী উল্লয়ন কর্মকর্তা, উপজেলা দপ্তর (সকল)।
- ৪) সভাপতি, ইউসিসিএ লিঃ (সকল)।
- ৫) অফিস নথি।